# ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড (INO) ২০২৬

## প্রতিযোগিতার নির্দেশিকা

### বিষয়ঃ চিত্রাঙ্কন প্রতিযোগিতা

ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড (INO) হল একটি বৈশ্বিক আয়োজন যেখানে শিশু, কিশোর-কিশোরী ও তরুণ-তরুণীরা বিভিন্ন উদ্ভাবনী কার্যক্রমের মাধ্যমে স্বাস্থ্যকর খাদ্যাভ্যাস ও পুষ্টি সচেতনতা সৃষ্টির লক্ষ্যে নিজ অভিজ্ঞতা, পুষ্টি সম্পর্কিত চিন্তাধারা ও চ্যালেঞ্জ প্রকাশ করার এবং কার্যকর সমাধান খুঁজে পেতে পারে। ২০১৭ সাল থেকে বিআইআইডি ফাউন্ডেশন বিভিন্ন সরকারি-বেসরকারি সংস্থার সহযোগিতায় নিউট্রিশন অলিম্পিয়াড আয়োজন করে আসছে। বিদ্যমান পুষ্টি খাতের প্রতিবন্ধকতা সমূহের টেকসই সমাধানের মাধ্যমে জাতীয় ও আন্তর্জাতিক লক্ষ্য অর্জনে তরুণদের অংশগ্রহণ এবং নেতৃত্ব প্রতিষ্ঠায় ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড কার্যকর ভূমিকা পালন করছে। INO ২০২৬ এর মূল প্রতিপাদ্য "**উন্নত পুষ্টির জন্য বেসরকারি খাতের ভূমিকাঃ** সকলের জন্য পুষ্টি নিশ্চিতকরণে ব্যবসা পরিবেশ উন্নয়ন এবং উদ্যোক্তাদের দায়িত্বশীলতা ও সক্ষমতা বৃদ্ধি"। এই লক্ষ্য অর্জনে INO ২০২৬ তরুণ, সরকার, বেসরকারি খাত, নীতিনির্ধারক এবং উন্নয়ন সহযোগী প্রতিনিধিদের একত্রিত করবে। নবম ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড (INO) আগামী ১১-১২ ডিসেম্বর, ২০২৬ তারিখে ঢাকা, বাংলাদেশে অনুষ্ঠিত হবে।

ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড ২০২৬ এ বিভিন্ন প্রতিযোগিতা, সেমিনার, কর্মশালা ও প্রদর্শনীর আয়োজন করা হবে যেখানে 'চিত্রাঙ্কন প্রতিযোগিতা'সহ মোট ১৫ টি প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ রয়েছে। শিশু, কিশোর-কিশোরী, তরুণ-তরুণী এবং প্রাপ্তবয়স্কদের একক অথবা দলগতভাবে অলিম্পিয়াডে অংশগ্রহণ করতে উৎসাহিত করা হচ্ছে। ৬ থেকে ২৪ বছর বয়সসীমার মধ্যে যে কেউ 'চিত্রাঙ্কন প্রতিযোগিতায়' অংশগ্রহণ করতে পারবে। 'চিত্রাঙ্কন প্রতিযোগিতায়' অংশগ্রহণের নির্দেশিকা নীচে দেয়া হলঃ

**চিত্রাঙ্কন প্রতিযোগিতা:**

চিত্রাঙ্কন হলো কাগজ বা অন্য কোনো মাধ্যমে রঙ, পেন্সিল বা কলম ব্যবহার করে ছবি তৈরির একটি শিল্পকর্ম। চিত্রাঙ্কন প্রতিযোগিতা হলো এমন একটি আয়োজন যেখানে অংশগ্রহণকারীরা কোনো নির্দিষ্ট বিষয়ের (থিম) ওপর ভিত্তি করে ছবি আঁকেন।

**বয়সসীমা:**

BIID Foundation | INTERNATIONAL NUTRITION OLYMPIAD 2026 | Nutrition Club

| গ্রুপ ক | গ্রুপ খ | গ্রুপ গ |
|---|---|---|
| ৬-১০ বছর | ১১-১৮ বছর | ১৯-২৪ বছর |

**প্রতিপাদ্য বিষয়: প্রাথমিক বাছাই পর্ব (**পরবর্তী রাউন্ডের বিষয় প্রাথমিক বাছাইয়ে উত্তীর্ণদের জানানো হবে**)।**

**গ্রুপ ক: আমি বড় হয়ে কি হতে চাই এবং কেন**

**গ্রুপ খ: আমার স্বপ্নের গ্রাম / এলাকা**

**গ্রুপ গ: নিরাপদ ও পুষ্টিকর খাবারের প্রতি আকর্ষণ করে এমন খাবারের  পোস্টার (বিজ্ঞাপন)**

**অংশগ্রহণের যোগ্যতা:**

- অংশগ্রহণকারীদের অবশ্যই INO ২০২৬-এর ওয়েবসাইটে (www.nutritionolympiad.net) গিয়ে নিবন্ধন (registration) সম্পন্ন করতে হবে এবং নিবন্ধনের সময় 'চিত্রাঙ্কন প্রতিযোগিত' নির্বাচন করতে হবে।
- নির্দিষ্ট বয়সসীমার মধ্যে থাকা যে কেউ এই প্রতিযোগিতায় অংশ নিতে পারবে।
- এই প্রতিযোগিতায় শুধুমাত্র এককভাবে (individual) অংশগ্রহণ করা যাবে।
- অংশগ্রহণকারী অথবা তাদের অভিভাবক কিংবা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ন্যূনতম তথ্য-প্রযুক্তিগত সুবিধা (যেমন—ফোন, ই-মেইল, হোয়াটসঅ্যাপ এবং জুম অ্যাকাউন্ট—তবে জুম অ্যাকাউন্ট বাধ্যতামূলক নয়) থাকতে হবে।

**নিবন্ধন:**

সকল অংশগ্রহণকারীকে INO ২০২৬ -এর নির্ধারিত ওয়েবসাইটে নিবন্ধন করতে হবে। INO ২০২৬ -এর ওয়েবসাইটে (www.nutritionolympiad.net) গিয়ে নিবন্ধনের লিঙ্কে ক্লিক করুন এবং নিবন্ধনের সময় 'চিত্রাঙ্কন প্রতিযোগিতা' নির্বাচন করুন।

**নিবন্ধনের শেষ তারিখ:** আগস্ট ৩১, ২০২৬ (রাত ১১টা, ঢাকা সময়)

**জমা দেওয়ার শেষ সময়সীমা:** সেপ্টেম্বর ৩০, ২০২৬ (রাত ১১টা, ঢাকা সময়)

**চিত্রাঙ্কন প্রতিযোগিতার নির্দেশিকা:**

1. **অংশগ্রহণকারীর তথ্য:**

নাম, বয়স, পদবি (প্রযোজ্য হলে), শিক্ষা প্রতিষ্ঠান, ঠিকানা, যোগাযোগের নম্বর এবং ইমেইল।

2. **চিত্রাঙ্কনের নিয়মাবলি:**

- অংশগ্রহণকারীকে নির্দিষ্ট বিষয়ের (থিম) ওপর ভিত্তি করে একটি ছবি আঁকতে হবে।
- অবশ্যই রঙ ব্যবহার করতে হবে; শুধুমাত্র পেন্সিল স্কেচ গ্রহণযোগ্য নয়।
- সংযুক্ত ফর্মটি পূরণ করে জমা দিতে হবে, যেখানে সর্বোচ্চ ৫০ শব্দের মধ্যে চিত্রাঙ্কনটির বর্ণনা উল্লেখ থাকবে।

3. **ফরম্যাটিং:**

**ফন্ট:** Gill Sans MT (ইংরেজি) অথবা কালপুরুষ (বাংলা);
ফন্ট সাইজ: ১২; বিশেষ ফরম্যাটিং ছাড়া সাধারণ টেক্সট; A4 সাইজের কাগজ।

4. **ভাষা:** বাংলা বা ইংরেজি।
5. **জমা দেওয়া ও নির্বাচন প্রক্রিয়া:**

**প্রাথমিক নির্বাচন:**

- অংশগ্রহণকারীরা তাদের ছবি ও বর্ণনা অনলাইনে অথবা নিজ স্কুলের মাধ্যমে জমা দিতে পারবে। স্কুলগুলো প্রতিটি বিভাগ থেকে সেরা ৫টি ছবি নির্বাচন করবে।
- নির্বাচিত ছবিগুলো ইমেইল, গুগল ড্রাইভে আপলোড অথবা কুরিয়ারের মাধ্যমে হার্ড কপি হিসেবে জমা দেওয়া যাবে।
- ১৮ বছরের কম বয়সী অংশগ্রহণকারীদের ক্ষেত্রে বাবা-মা বা অভিভাবকের স্বাক্ষরিত সম্মতিপত্র জমা দিতে হবে। এর সাথে ৫০ শব্দের মধ্যে ছবির বর্ণনা, অংশগ্রহণকারীর নাম, বয়সসীমা, শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও স্বাক্ষরসহ তথ্য জমা দিতে হবে।

**চূড়ান্ত নির্বাচন:**

- প্রতিটি বয়সসীমা থেকে প্রাথমিকভাবে নির্বাচিত ১০টি ছবি প্রদর্শন করা হবে এবং বিচারক প্যানেল প্রতিটি বিভাগ থেকে সেরা ৩টি ছবিকে বিজয়ী হিসেবে নির্বাচন করবে।
- নির্বাচিত অংশগ্রহণকারীদের প্রদর্শনী বা প্রদর্শনের জন্য তাদের ছবির মূল কপি (হার্ড কপি) পাঠাতে হবে।
- নির্ধারিত সময়ের মধ্যে কেউ জমা দিতে ব্যর্থ হলে, অপেক্ষমান তালিকা থেকে পরবর্তী অংশগ্রহণকারীকে সুযোগ দেওয়া হবে।

**স্কোরঃ**

| ক্রমিক নং | মানদণ্ড | নম্বর |
|---|---|---|
| ১ | মূলবিষয়বস্তু উপস্থাপন | ৪০ |
| ২ | রঙের সামঞ্জস্য | ৩০ |
| ৩ | সৃজনশীলতা | ২০ |
| ৪ | নিয়মাবলি অনুসরণ | ১০ |
| **মোট** | | ১০০ |

**বিশেষ দ্রষ্টব্য:**

- চিত্রকর্মটি অবশ্যই অংশগ্রহণকারীর নিজস্ব সৃষ্টি হতে হবে, তবে উপদেষ্টাদের সহায়তা নেওয়া যেতে পারে। এআই (AI) বা অনলাইন টুলের ব্যবহার এন্ট্রি বা জমা দেওয়া কাজটিকে অযোগ্য বলে গণ্য করবে।
- বিচারকদের সিদ্ধান্তই চূড়ান্ত। কোনো ধরনের অনৈতিক আচরণের ফলে অংশগ্রহণ বাতিল করা হবে।
- প্রতিটি বিভাগের শীর্ষ ৩ জন বিজয়ীর নাম INO ২০২৬-এর সমাপনী অনুষ্ঠানে ঘোষণা করা হবে।
- নির্বাচিত চিত্রকর্মগুলো INO এবং BIID ফাউন্ডেশনের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করা হবে।

**যোগাযোগ:** চিত্রাঙ্কন প্রতিযোগিতা সংক্রান্ত কোনো জিজ্ঞাসা থাকলে অনুগ্রহ করে যোগাযোগ করুন—ফোন:+৮৮০২৮৭১৪১৬৯, +৮৮০১৭৮২৫১০০৮৯ অথবা ই-মেইল: ino@biid.org.bd।

**ঠিকানা:** BIID ফাউন্ডেশন, বাড়ি নং ১৭৪, লেভেল ২, রোড নং ২, মহাখালী ডিওএইচএস (DOHS), ঢাকা ১২০৬, বাংলাদেশ।

**একজন অংশগ্রহণকারী বা একটি দল সর্বোচ্চ ৩টি প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আবেদন করতে পারবে।**

**প্রতিযোগিতার নাম: চিত্রাঙ্কন প্রতিযোগিতা**

**নাম:**

**বয়সসীমা:**

- ৬-১০
- ১১-১৮
- ১৯-২৪

**যোগাযোগ নম্বর:**

**শিক্ষা প্রতিষ্ঠান:**

**জেলা:**

**চিত্রকর্মের বিবরণ (সর্বোচ্চ ৫০ শব্দ):**

BIID Foundation

INTERNATIONAL NUTRITION OLYMPIAD 2026

Nutrition Club
Engaging youth in nutrition

**বিজ্ঞপ্তি:** এই চিত্রকর্মটি আঁকা হয়েছে _______________________________________________________

_________________________________________________ (বংশ পরিচয়) কন্যা/পুত্র

এর দ্বারা এবং এটি যেকোনো অবাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহারের জন্য সম্মতি প্রদান করা হয়েছে।

______

স্বাক্ষর